

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের নামে ক্রেডিট কার্ড: ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক দ্বারা নিজের নামে জালিয়াতির নবতম রূপের বিষয়ে আর একবার জনসাধারণের প্রতি সতর্কবার্তা

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক তার নামে জালিয়াতদের চালু করা ক্রেডিট কার্ড- নবতম আকারের জালিয়াতি-র বিষয়ে জনসাধারণের উদ্দেশ্যে আরও একটি সতর্কবার্তা জারি করেছে। অপরাধের কার্যপ্রণালী ব্যাখ্যা করতে গিয়ে, রিজার্ভ ব্যাঙ্ক জানায় যে কোন সোজাসরল ব্যক্তিকে পাঠানো হয় একটি ক্রেডিট কার্ড যাতে একটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে কম রাশি হলেও একটি নির্দিষ্ট সীমা পর্যন্ত তোলার অনুমতি দেওয়া থাকে। এইভাবে ব্যক্তিটির আস্থা অর্জনের পর, জালিয়াতগণ তাকে দিয়ে ওই ব্যাঙ্ক অ্যাকাউন্টে একটি বিরাট অঙ্কের টাকা জমা করায়। একবার সেই টাকাটি জমা পড়ে গেল, কার্ডটির কাজ বন্ধ হয়ে যায় এবং কার্ডটির ধারক (প্রতারিত ব্যক্তি) জালিয়াতদের ফোন আর পায় না।

রিজার্ভ ব্যাঙ্ক দেশের কেন্দ্রীয় ব্যাঙ্ক হিসাবে এইসকল অপপ্রয়াস সম্পর্কে সাবধান করে বার বার বলছে যে সে সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্ট, কারেন্ট ব্যাঙ্ক অ্যাকাউন্ট, ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড, অনলাইন ব্যাঙ্কিং পরিষেবা বা বিদেশি মুদ্রা গ্রহণ এবং তার তহবিল সংরক্ষণ অথবা অন্য কোনও আকারে কোনোভাবেই কোনও ব্যক্তিবিশেষের সাথে ব্যবসা করে না। রিজার্ভ ব্যাঙ্ক এব্যতীত প্রচলিত জালিয়াতিগুলির প্রকারকে তালিকাভুক্ত করেছে, যথা ;

- I. আরবিআই আধিকারিকের রূপে ই-মেল বা ফোন করে ডেকে বিরাট অঙ্কের টাকা বা লটারি জেতা-র বিভ্রান্তিমূলক প্রস্তাব দেওয়া।
- II. অনলাইন লেনদেন-এর জন্য নকল রিজার্ভ ব্যাঙ্ক ওয়েবসাইট।
- III. ই-মেলের মাধ্যমে বা ই-মেল-এ দেওয়া একটি লিংক ক্লিক করে ইউজার আইডি/পাসওয়ার্ড জানিয়ে দেবার অনুরোধ করে ব্যক্তিসাধারণকে এইসকল জালিয়াতিগুলির থেকে সুরক্ষা দিতে প্রলুব্ধ করা।
- IV. ই-মেলের মাধ্যমে রিজার্ভ ব্যাঙ্কে কর্মসংস্থানের প্রস্তাব।

রিজার্ভ ব্যাঙ্ক আরও বলেছে যে অন্যান্য জন-প্রতিষ্ঠান যেরকম আন্তর্জাতিক মুদ্রা ভান্ডার (আইএমএফ), আয়কর কর্তৃপক্ষ, রপ্তানি শুল্ক কর্তৃপক্ষ অথবা সর্বজনবিদিত ব্যক্তিস্বর্গণ যথা- গভর্নর, ডঃ রঘুরাম রাজন বা বরিশ্ত আরবিআই আধিকারিকগণের নাম করেও বিভ্রান্তিমূলক প্রস্তাব দেওয়া হচ্ছে।

রিজার্ভ ব্যাঙ্ক জনসাধারণকে আবার সাবধান করেছে যে এইধরনের প্রস্তাবের ফাঁদে পড়ার ফল হতে পারে নিজের ব্যক্তিগত তথ্যাদির সঙ্গে আপস করা যার অপব্যবহার সরাসরি তাঁদের আর্থিক এবং অন্যান্য ক্ষতিসাধন-এর কারণ হতে পারে। তাঁদের, নিজেদের স্বার্থে, যেকোনও ভাবে করা এইরকমের প্রস্তাবে সাড়া দেবার হাত থেকে নিজেদের বিরত রাখা উচিত। বরং, তাদের উচিত অবিলম্বে পুলিশের সাইবার ক্রাইম শাখায় অভিযোগ দাখিল করা, যেখানে যোগাযোগ করার বিশদ বিবরণ রিজার্ভ ব্যাঙ্কের ইতিপূর্বে জারি করা প্রেস বিজ্ঞপ্তিগুলিতে পাওয়া যায়।

অলপনা কিপ্লাওয়াল
প্রধান মূখ্য মহাপ্রবন্ধক